# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ২. নরবলি ও মানুষ পোড়ানোর বিধান

পশু-পাখি কোরবানির নামে জবাই করে বা গলা ছিড়ে পুড়িয়ে ফেলা ছাড়াও বাইবেল নরবলির বিধান দিয়েছে। মানুষ বলি দেওয়াতে কোনো সমস্যা তো নেই-ই; বরং বলি দেওয়াই ঈশ্বরের মূল বিধান। প্রত্যেক পরিবারের প্রথম পুত্র এবং প্রত্যেক প্রাণির প্রথম বাচ্চাকে ঈশ্বরের জন্য উৎসর্গ বা কোরবানি করাই ঈশ্বরের মূল বিধান। জন্মের পরে সাত দিন তারা মায়েদের কাছে থাকবে। অষ্টম দিনে তাদের হত্যা করতে হবে বা ঘাড় ভেঙ্গে দিতে হবে। তবে কেউ যদি প্রথম পুত্র বা প্রথম বাছুরটাকে কোরবানি করতে ইচ্ছুক না হয় তবে বিকল্প অন্য কোনো প্রাণি দিয়ে তাকে মুক্ত করতে পারবে।

ঈশ্বর বলেন: ‘‘বনি-ইসরাইলদের সব প্রথম ছেলেই আমার। মিসর দেশের প্রথম ছেলেদের মেরে ফেলবার সময় আমি বনি-ইসরাইলদের মধ্যেকার প্রত্যেকটা প্রথম পুরুষ সন্তানকে আমার জন্য পবিত্র করে রেখেছি- সে মানুষের হোক বা পশুর হোক। তারা আমার।’’ (গণনাপুস্তক/ শুমারী ৩/১৩)

ঈশ্বর আরো বলেন: ‘‘তোমাদের ফসল এবং আংগুর-রস (মদ: liquors) থেকে আমাকে যা দেবার তা দিতে দেরি কোরো না। তোমাদের প্রথম ছেলে আমাকে দিতে হবে। তোমাদের গরু ও ভেড়ার বেলায়ও তা-ই করবে। সাত দিন পর্যন্ত তাদের বাচ্চাগুলো মায়ের কাছে থাকবে, তারপর আট দিনের দিন সেগুলো আমাকে দিয়ে দিতে হবে।’’ (হিজরত/যাত্রাপুস্তক ২২/২৯-৩০)

ঈশ্বর অন্যত্র বলেন: ‘‘গর্ভের প্রত্যেকটা প্রথম পুরুষ সন্তান আমার। এমন কি, তোমাদের সমস্ত পশুপালের প্রত্যেকটা পুরুষ বাচ্চাও আমার। তবে গাধার প্রথম পুরুষ বাচ্চার বদলে একটা ভেড়ার বাচ্চা দিয়ে গাধার বাচ্চাটাকে ছাড়িয়ে নেবে। সেই বাচ্চাটাকে যদি ছাড়িয়ে নেওয়া না যায় তবে তার ঘাড় ভেঙ্গে দিতে হবে। তোমাদের প্রত্যেকটা প্রথম ছেলেকেও ছাড়িয়ে নিতে হবে।’’ (হিজরত ৩৪/১৯)

এভাবে বাইবেলের বিধান অনুসারে মানুষের ও পশুর গর্ভের প্রথম সন্তান ঈশ্বরের জন্য কোরবানি করতে হবে। তবে এ কোরবানির পরিবর্তে কাফফারা দিয়ে তাকে ছাড়িয়ে নেওয়া যাবে। কিন্তু যদি কেউ কোনো মানুষকে ঈশ্বরের উদ্দেশ্যে মানত বা উৎসর্গ (devote) করে তবে তাকে আর মুক্তি দেওয়া যাবে না; তাকে অবশ্যই হত্যা করতে হবে: ‘‘আর কোন ব্যক্তি তার সর্বস্ব থেকে মানুষ বা পশু বা অধিকৃত ক্ষেত থেকে, যা কিছু মাবুদের উদ্দেশে শর্তহীনভাবে উৎসর্গ করে, তা বিক্রি করা কিংবা মুক্ত হবে না; মাবুদের কাছে শর্তহীন উৎসর্গকৃত বস্তু মাবুদের উদ্দেশে অতি পবিত্র। মানুষের মধ্যে যে কেউ মাবুদের কাছে শর্তহীনভাবে উৎসর্গকৃত, তাকে মুক্ত করা যাবে না; তাকে হত্যা করতে হবে (surely be put to death)।’’ (লেবীয় ২৭/২৮-২৯, মো.-১৩)

বাইবেলের ধর্মতত্ত্ব অনুসারে ‘বলি’-র মাধ্যমে ঈশ্বর মানুষকে পবিত্র করেন। ক্যাথলিক বাইবেলের একটা পুস্তক ‘The Wisdom /The Book of The Wisdom of Solomon’: প্রজ্ঞাপুস্তক বা শলোমনের প্রজ্ঞাপুস্তক। এটা ক্যাথলিক পুরাতন নিয়মের ২৭ নং পুস্তক। এ পুস্তকের একটা বক্তব্য নিম্নরূপ: “As gold in the furnace, he

proved them, and as sacrificial offerings he took them to himself.” “হাপরে সোনার মতই তাদের তিনি যাচাই করলেন, যোগ্য আহুতিবলি (পোড়ানো কুরবানী) রূপেই তাদের গ্রহণ করলেন।” (জুবিলী বাইবেল, প্রজ্ঞাপুস্তক ৩/৬)

লক্ষণীয় যে, শুধু ঈশ্বরের উদ্দেশ্যেই শিশু বা মানুষ বলি দিতে হবে। অন্য কোনো দেবতার উদ্দেশ্যে মানুষ বা শিশু বলি দেওয়া নিষিদ্ধ ও অমার্জনীয় অপরাধ: “তাদের পূর্বপুরুষদের মূর্তিগুলো তাদের কাছে ভাল লেগেছে। .... প্রথমে জন্মেছে এমন প্রত্যেকটি সন্তানকে তারা আগুনে পুড়িয়ে কোরবানী দিয়েছে, আর তার মধ্য দিয়েই আমি তাদের নাপাক হতে দিলাম...।” (ইহিস্কেল ২০/২৪-২৬)

অন্যত্র ঈশ্বর বলছেন: “কোনো ইসরাইলীয় কিংবা বনি-ইসরাইলদের মধ্যে বাস করা অন্য জাতির কোন লোক যদি মোলক-দেবতার কাছে তার কোনো ছেলে বা মেয়ে কোরবানী করে তবে সেই লোককে হত্যা করতে হবে।” (লেবীয় ২০/১-২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14402

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন